সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ওয়েজখালী সুনামগঞ্জ।

Tel: 02996600778/02996600826, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২৩. ১১৫৮

তারিখঃ- ১৬ চৈত্র ' ১৪২৯ বঙ্গাব্দ।
৩০ মার্চ'২০২৩ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে "কাজ নাই মজুরী নাই" এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহিলাদের জন্য সংরক্ষিত " বিলিং সহকারী" পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন কেবলমাত্র সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত মহিলা নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পার্শ্বে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলোঃ

| পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| বিলিং সহকারী " কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৮ (আট) টি (নিয়োগ কালীন এ সংখ্যা কম/ বেশি হতে পারে) | ১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদের (সরকারী সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।<br>২. জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ শাখা এর স্মারকনং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ-২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবে। | ক) এস, এস, সি বা সমমান ও এইচ, এস, সি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা আবশ্যক।<br>গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ)টি শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা | সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণ (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ) আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ-**

০১.আবেদনকারীগণকে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (www.pbs.sunamganj.gov.bd) হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ১৪/০৪/২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম ও নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে।

০২. নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল করতে হবেঃ

(ক) ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্ক শীট ও প্রশংসাপত্র গ্রহণ যোগ্য নয়)।

(ঘ) কম্পিউটার পরিচালনার সনদ।

(ঙ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

(চ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদ।

(ছ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

T. Ahmed

(জ) **আবেদনপত্রে সংযুক্ত সকল কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।**

(ঝ) **জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।**

০৩। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

০৪। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। **এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।**

০৬। কোন প্রার্থী ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত হয়ে থাকলে অথবা যদি তিনি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকেন তবে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। প্রার্থীগণকে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

০৮। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই/নির্বাচিত করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাক যোগে প্রেরিত প্রবেশপত্র ও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১. নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৭. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................পবিস-১/২/৩/৪।
৮. নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, সুনামগঞ্জ।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....................উপজেলা, সুনামগঞ্জ।
১০. ডিজিএম (সদর দপ্তর-কারগরি)/ছাতক জোনাল অফিস, সুনামগঞ্জ পবিস।
১১. এজিএম (ওএন্ডএম), সদর দপ্তর/ছাতক/বিশ্বম্ভরপুর/দিরাই/দক্ষিণ সুনামগঞ্জ/জগন্নাথপুর/তাহিরপুর/দোয়ারাবাজার/জামালগঞ্জ, সুনামগঞ্জ পবিস।
১২. এজিএম (প্রশাসন/সদস্য সেবা/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম/মানব সম্পদ), সুনামগঞ্জ পবিস।
১৩. জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সুনামগঞ্জ পবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৪. নোটিশ বোর্ড/ওয়েব সাইট, সুনামগঞ্জ পবিস।
১৫. অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

T. Ahmed